**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 21 AUGUST 2026 ,FRIDAY|২১ আগস্ট ২০২৬ ,শুক্রবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-258


## সাতসকালে এলাকায় গজরাজের ছোটাছুটি ,আতঙ্কে বাসিন্দারা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২০ আগস্ট :** বৃহস্পতিবার সাতসকালেই এলাকায় বিশাল এক হাতিকে ছোটাছুটি করতে দেখে রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েন জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের ফাটাপুকুর এলাকার বাসিন্দারা। তারা জানান হাতিটি জঙ্গল থেকে বেরিয়ে এলাকায় ছোটাছুটি করছিলো, কখনো রাস্তায় আবার কখনো চা বাগানের মাঝখান দিয়ে ছুটছিলো হাতিটি। স্থানীয়রা খবর দেন বন দপ্তরের বৈকুন্ঠপুর রেঞ্জে। খবর পেয়ে বৈকুন্ঠপুর ও শুকনা রেঞ্জের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। তারা হাতিটির গতিবিধির উপর নজর রাখার পাশাপাশি মাইকিং করে এলাকাবাসীদের সতর্ক করছেন। জানা গেছে সন্ধ্যা পর্যন্ত হাতিটিকে জঙ্গলে ফেরানো যায়নি। বন কর্মীরা জানান রাতেই হাতিটিকে তারা জঙ্গলে ফেরত পাঠাতে পারবেন বলে আশা করছেন। হাতি দেখতে প্রচুর মানুষ ভীড় জমান আর সেই ভীড় দেখে হাতিটিও ঘাবড়ে গিয়ে এদিক ওদিক ছোটাছুটি শুরু করে, একারনে হাতিটিকে জঙ্গলে ফেরাতে বন কর্মীরা হিমশিম খান। রাতে মানুষের ভীড় কমলেই হাতিটিকে সহজেই জঙ্গলে ফেরত পাঠানো সহজ হবে বলেও জানান বন কর্মীরা।

## শিলিগুড়িতে একাধিক গুরুত্বপূর্ণ বৈঠকে পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২০ আগস্ট :** শিলিগুড়ির স্টেট গেস্ট হাউসে বৃহস্পতিবার একাধিক গুরুত্বপূর্ণ বৈঠক করলেন রাজ্যের পর্যটন মন্ত্রী তথা শিলিগুড়ির বিধায়ক ডঃ শঙ্কর ঘোষ। জানা গেছে এদিন তিনি তিন দফায় বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিক, হোটেল ব্যবসায়ী, অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রতিনিধিদের পাশাপাশি শহরের বিভিন্ন স্কুল কর্তৃপক্ষ, স্কুলের শিক্ষক শিক্ষিকা ও শহরের ট্রাফিক বিভাগের আধিকারিকদের নিয়ে তিন দফায় বৈঠক করেন। বৈঠকে পুর পরিষেবা,হোটেলগুলির অগ্নি নিরাপত্তা,স্কুল পড়ুয়াদের বাইক স্কুটি ব্যবহার, শহরের ট্রাফিক ব্যবস্থা সহ একাধিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

## পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষের নেতৃত্বে শিলিগুড়ির বিভিন্ন হোটেল,রেস্তোরাঁ সহ শপিং মলে অভিযান



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২০ আগস্ট :** সম্প্রতি তারপীঠ ও কলকাতার নিউ মার্কেটে দুটি হোটেলে অগ্নিকান্ডে মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার শিলিগুড়ির বিভিন্ন হোটেল ,রেস্তোরাঁ ,শপিং মল সহ বিভিন্ন বানিজ্যিক প্রতিষ্ঠানে অভিযান চালান রাজ্যের পর্যটন মন্ত্রী তথা শিলিগুড়ির বিধায়ক ডঃ শঙ্কর ঘোষ। এদিনের অভিযানে মন্ত্রীর সাথে ছিলেন দমকল আধিকারিক ,শিলিগুড়ি পৌর নিগমের কমিশনার সহ অন্যান্য আধিকারিকগন। পরিদর্শনের সময় ফায়ার এক্সটিংগুইশার ,জরুরী নির্গমন পথ ,নিরাপত্তা সরঞ্জাম ও অগ্নি নিরাপত্তা বিধি সঠিকভাবে মানা হচ্ছে কিনা সেসব খতিয়ে দেখা হয়। অভিযান শেষে মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান আগামী একমাস ধরে শহরের হোটেল ,রেস্তোরাঁ ,শপিং মল ,বিভিন্ন বানিজ্যিক প্রতিষ্ঠানে এই অভিযান চালানো হবে। অভিযানে যাদের লাইসেন্স বা কাগজপত্রে অনিয়ম ধরা পড়বে তাদের একমাস সময় দেওয়া হবে সংশোধনের জন্য। কোনো প্রতিষ্ঠানের ফায়ার লাইসেন্স না থাকলে বা কাগজপত্রে গুরুতর অনিয়ম ধরা পড়লে সেই প্রতিষ্ঠান এর ফায়ার লাইসেন্স না হওয়া পর্যন্ত সাময়িকভাবে প্রতিষ্ঠান বন্ধ ও রাখা হতে পারে। মন্ত্রী আরও জানান কোনো ব্যবসায়ীকে হয়রানি করার উদ্দেশ্যে এই অভিযান নয়, অভিযানের লক্ষ্য সাধারন মানুষের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি ভবিষ্যতে কোনো বড়ো দুর্ঘটনা এড়াতে বানিজ্যিক প্রতিষ্ঠানগুলিকে অগ্নি নিরাপত্তা বিধি মেনে চলতে বাধ্য করা।

## পূর্ব ভোলার ডাবরি এলাকায় লেপার্ড আতঙ্ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** স্থানীয় সূত্রে জানা যায় আলিপুরদুয়ার পূর্ব ভোলার ডাবরি মাসান পাঠ সংলগ্ন এলাকায় গতকাল সন্ধ্যা থেকেই গ্রামবাসীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। স্থানীয় গ্রামবাসীর বাড়ির পেছনে তাদের গৃহপালিত ছাগলকে গলায় ক্ষত অবস্থায় পড়ে থাকতে দেখেন। এমনকি পায়ের ছাপও লক্ষ্য করা যায় দাবি। পাশাপাশি সেখানকারই এক পথকুকুরের ঘাড়ে ও গলায় আক্রমণের চিহ্ন রয়েছে। ঘটনায় রীতিমতো আতঙ্কে রয়েছে গ্রাম বেশি ঘর থেকে বের হওয়াও দুষ্কর হয়ে দাঁড়িয়েছে। আজ বনদপ্তরকে খবর দেওয়া হলে দমনপুর ইস্ট রেঞ্জের বনকর্মীরা এসে জায়গাটিকে খতিয়ে দেখেন এবং গ্রামবাসীদের সঙ্গে কথা বলার পর তাদের সতর্ক থাকার বার্তা দেন। তারা পর্যবেক্ষণে রাখবে এই বিষয়টিকে। শহর লাগোয়া এই গ্রামে এর আগেও এই ধরনের ঘটনা হয়েছে বলে জানান গ্রামবাসীরা। স্বাভাবিকভাবেই আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে পূর্ব ভোলার ডাবরি এলাকায়।

# চাকরিতে পদোন্নতি ,আসবাবপত্রের সঙ্গে চোরাই কাঠ নিতে গিয়ে ধরা পড়লেন বিট অফিসার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** রক্ষক যখন ভক্ষক হয় জঙ্গলের গাছ রক্ষা করবে কে ? চাকরির পদোন্নতি হয়েছে তাই বারবিশা থেকে মাদারিহাট রেঞ্জে কাজে যোগদান দিতে যাওয়ার সময় বাড়ির অন্যান্য কাঠের আসবাবপত্রের সঙ্গে সরকারি সিল দেওয়া কাঠ নিয়ে যাচ্ছে বনকর্মী। ফরেস্ট গার্ড থেকে বিট অফিসার হয়েছেন কিশোর কামি। আর সেই ফরেস্টের জংলি পোশাক পরেই চোরাই কাঠ নিয়ে যাচ্ছিলেন তিনি। কিন্তু মাঝপথে একত্রিশ নম্বর জাতীয় সড়কের শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ গাড়ি দুটি আটকে দিয়েছে । গোপন খবরের ভিত্তিতে গাড়ি আটক করে তল্লাশি চালাতেই পুলিশের নজরে আসে সরকারি হাম্বার মারা সেগুন কাঠের পাটাতন। বনমন্ত্রী মনোজ কুমার ওরাও এর বাড়ির পাশ থেকেই বন কর্মী আসবাবপত্রের সঙ্গে কাঠ নিয়ে যাচ্ছিলেন। এরপর এই বিষয়টি জানানো হয় বনদপ্তরের মন্ত্রীকে। যদিও শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন দুটি গাড়ির চালককে গ্রেফতার করা হয়েছে। অন্যদিকে সদ্য পদোন্নতি হওয়া বিট অফিসার কিশোর কামী কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেননি দুটি গাড়িতে থাকা চোরাই কাঠের। বিভাগীয় তদন্তের পাশাপাশি পুলিশের পক্ষ থেকেও তদন্ত শুরু হয়েছে। তবে কিশোর কামী কি এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি বলেন তার কাছে কাগজ রয়েছে বাড়িতে কিন্তু তিনি কাগজ দেখাতে পারছেন না।

# কোচবিহারে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২০ আগস্ট :** আজ কোচবিহারের পুন্ডিবাড়িতে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় এর এক ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার হওয়ার পর চাঞ্চল্য ছড়িয়েছে।এই বিষয়ে বিশ্ববিদ্যালয়ের বর্তমান রেজিস্টার আভাস কুমার সিনহা জানান, "হোস্টেলের এম এস সি ( এগ্রোনোমি বিভাগ ) প্রথম বর্ষের দ্বিতীয় সিমেসটারের ছাত্রী ঈশা সাহা আত্মঘাতী হয়েছে। পুলিশ এসে হোস্টেলের দরজা ভেঙে তার ঝুলন্ত দেহ উদ্ধার করে। তারপর দেহটি পুন্ডিবাড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। কি কারনে ছাত্রীটি আত্মঘাতী হলেন সেটা এখনো জানা যায়নি, পুলিশি তদন্তের পর বিস্তারিত তথ্য জানতে পারা যাবে মনে করা হচ্ছে।"

# তারাপীঠের ঘটনার পর আলিপুরদুয়ার জেলায় হোটেল-রেস্তোরাঁয় যৌথ অভিযান



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** তারাপীঠের হোটেলে বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুণ্যার্থীদের মর্মান্তিক মৃত্যুর ঘটনার পর এবার নড়েচড়ে বসেছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন। জেলার বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ ও আবাসিক প্রতিষ্ঠানে অগ্নিনিরাপত্তা ব্যবস্থা এবং সরকারি অনুমোদন খতিয়ে দেখতে শুরু হতে চলেছে যৌথ অভিযান।জেলা প্রশাসন, অগ্নি নির্বাপন দপ্তর এবং সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকদের সমন্বয়ে এই অভিযান চালানো হবে বলে জানা গিয়েছে। অভিযানের মূল লক্ষ্য থাকবে হোটেল ও রেস্তোরাঁগুলিতে অগ্নিনির্বাপণ ব্যবস্থা, ফায়ার সেফটি সার্টিফিকেট, বৈধ ট্রেড লাইসেন্স, জরুরি বহির্গমন পথ, অগ্নিনির্বাপণ যন্ত্র, বৈদ্যুতিক নিরাপত্তা এবং ভবনের অনুমোদিত নকশা যথাযথভাবে মানা হচ্ছে কি না, তা খতিয়ে দেখা।প্রশাসনের এই তৎপরতায় স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে—জেলার সমস্ত হোটেল ও রেস্তোরাঁ কি আদৌ প্রয়োজনীয় অগ্নিনিরাপত্তা বিধি মেনে চলছে? কোথাও নিয়মবহির্ভূত নির্মাণ, অতিরিক্ত তলা, জরুরি বহির্গমন পথ বন্ধ রাখা কিংবা অগ্নিনির্বাপণ সংক্রান্ত অনুমোদনের ঘাটতি রয়েছে কি না, তাও খতিয়ে দেখা হবে।তারাপীঠের মর্মান্তিক ঘটনা ফের একবার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, অগ্নিনিরাপত্তার ক্ষেত্রে সামান্য গাফিলতিও কতটা ভয়াবহ পরিণতি ডেকে আনতে পারে। তাই আলিপুরদুয়ার জেলায় প্রশাসনের এই যৌথ অভিযান কতটা কঠোরভাবে পরিচালিত হয় এবং নিয়মভঙ্গকারী প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়, এখন সেদিকেই নজর সাধারণ মানুষের।প্রশাসনের এই অভিযানকে অনেকেই দেরিতে হলেও গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখছেন। তবে শুধু অভিযান নয়, পরবর্তী সময়ে নিয়মিত নজরদারি এবং অগ্নিনিরাপত্তা বিধি কার্যকরভাবে বাস্তবায়ন করা হয় কি না, সেটাই হবে সবচেয়ে বড় প্রশ্ন।

# নাকা চেকিং এ আটক ট্রাক,উদ্ধার ঊনচল্লিশটি মহিষ ,গ্রেপ্তার দুই



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা ফাঁড়ির পুলিশ বৃহস্পতিবার সকাল দশটা নাগাদ সাতাশ নম্বর জাতীয় সড়কের দক্ষিনরামপুর নাকা চেকিং পয়েন্টে অসমগামী একটি ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় ঊনচল্লিশটি মহিষ। ট্রাক চালক ও সহকারী চালক মহিষ পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় ট্রাক সহ মহিষ গুলি বাজেয়াপ্ত করা হয়। গ্রেপ্তার করা হয় চালক রমজান আলী ও সহকারী চালক আকমাল হোসেনকে। চালক উত্তরদিনাজপুর জেলার ডালখোলার এবং সহকারী চালক বিহারের বাসিন্দা বলে জানা গেছে। বাজেয়াপ্ত মহিষ গুলিকে একটি খোঁয়াড়ে পাঠানো হয়েছে। ট্রাকটিকে পুলিশ ফাঁড়িতে নিয়ে আসা হয়। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও তাদের আদালতে পাঠানোর প্রক্রিয়া জারী করা হয়েছে। এতগুলি মহিষ কোথা থেকে কারা কোথায় কি উদ্দ্যেশ্যে নিয়ে যাচ্ছিলো খতিয়ে দেখছে পুলিশ।

# আলিপুরদুয়ার জেলা পুলিশের অপারেশন আনন্দ VI অভিযান




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা পুলিশ বৃহস্পতিবার দিনভর জেলার বিভিন্ন এলাকায় অপারেশন আনন্দ VI অভিযান চালায়। পুলিশ সূত্রে জানা গেছে এই অভিযানের মাধ্যমে নিখোঁজ ও বিপন্ন শিশুদের সন্ধান, উদ্ধার ও তাদের যত্ন, সুরক্ষা সহ পুনর্বাসনের লক্ষ্যে এটি এক বিশেষ অভিযান। এই অভিযানের অংশ হিসেবে পুলিশ কর্মীরা জেলার বিভিন্ন স্থানে রেল স্টেশন,বাস টার্মিনাস,ধর্মীয় স্থান,ইটভাটা ও সম্ভাব্য ঝুঁকিপূর্ণ এলাকায় পরিদর্শন ও অভিযান চালায়। এই অভিযানের মাধ্যমে যত্ন,সুরক্ষা ও পুনর্বাসনের প্রয়োজন এমন শিশুদের চিহ্নিত ও উদ্ধারের উদ্যোগ নেওয়া হয়।

# ফালাকাটা হাসপাতালে পুলিশ হেফাজত থেকে অভিযুক্ত পলাতক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** পুলিশ হেফাজতে থাকা এক চুরির মামলার অভিযুক্ত বৃহস্পতিবার সকালে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে পালিয়ে যাওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। পলাতক অভিযুক্তের খোঁজে আলিপুরদুয়ার জেলা জুড়ে তল্লাশি অভিযান শুরু করেছে পুলিশ। ঘটনাটি ঘটে সকাল প্রায় ৯টা ৪৫ মিনিট নাগাদ। চিকিৎসার জন্য মেডিক্যাল পরীক্ষায় তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল।পুলিশ সূত্রে জানা গিয়েছে, পলাতক যুবকের নাম অভিজিৎ দাস (২১)। তার বাড়ি দশমাইল এলাকায়। চুরির একটি মামলায় বুধবার রাতে তাকে গ্রেফতার করে ফালাকাটা থানার পুলিশ। বৃহস্পতিবার সকালে নিয়মমাফিক মেডিক্যাল পরীক্ষার জন্য ফালাকাটা থানার এএসআই ডিম্পল দাস তাকে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যান।পুলিশের দাবি, হাসপাতাল চত্বরে পুলিশের নজর এড়িয়ে আচমকাই পালিয়ে যায় অভিজিৎ। প্রত্যক্ষদর্শীদের কয়েকজনের দাবি, হাসপাতালের সীমানা পাঁচিল টপকে সে পালিয়ে যায়। স্থানীয় কয়েকজন আবার তাকে জাতীয় সড়ক ১৭-এর দিকে ছুটে যেতে দেখেছেন বলে জানিয়েছেন।ঘটনার পরেই জেলা পুলিশের পক্ষ থেকে তল্লাশি অভিযান শুরু করা হয়। আলিপুরদুয়ার জেলার সমস্ত থানা ও পুলিশ ফাঁড়িকে সতর্ক করা হয়েছে, যাতে অভিযুক্ত জেলা ছাড়িয়ে অন্যত্র পালিয়ে যেতে না পারে। তবে শেষ খবর পাওয়া পর্যন্ত তার কোনও সন্ধান মেলেনি।ফালাকাটায় পুলিশ হেফাজত থেকে অভিযুক্ত পালানোর ঘটনা অবশ্য এই প্রথম নয়। ২০২৫ সালের ২৪ সেপ্টেম্বর মাদকদ্রব্য রাখার অভিযোগে গ্রেফতার এক মহিলা ফালাকাটা থানায় শৌচাগার ব্যবহারের অনুমতি নিয়ে সেখান থেকে পালিয়ে গিয়েছিলেন। পরে ওই রাতেই তাকে গ্রেফতার করে পুলিশ।আলিপুরদুয়ারের পুলিশ সুপার অমিত কুমার শ বলেন, “পলাতক অভিযুক্তকে ফের গ্রেফতার করা হবে। যে পুলিশকর্মীদের গাফিলতির কারণে এই ঘটনা ঘটেছে, তাঁদের বিরুদ্ধেও বিভাগীয় পদক্ষেপ করা হবে।”

# ভয়াবহ দুর্ঘটনা একত্রিশ নম্বর জাতীয় সড়কের ধারসীতে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে একত্রিশ নম্বর জাতীয় সড়কের ধারসী চৌপথী সংলগ্ন ধারসী ব্রীজে। শিলিগুড়ি থেকে আসাম যাবার সময় বুধবার রাত বারোটা নাগাদ ডিম বোঝাই একটি আইচার গাড়ি ধারসী ব্রীজের রেলিং এর উপর তুলে দেয়। অধিক রাতে দুর্ঘটনার খবর পাওয়ার পরেই ঘটনাস্থলে পৌঁছায় শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। দুর্ঘটনায় জখম চালক এবং সহকারী চালককে উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে চিকিৎসার জন্য। পুলিশ গাড়িটিকে উদ্ধার করে পুলিশ ফাঁড়িতে আনার চেষ্টা চালিয়ে যাচ্ছে। দুর্ঘটনার ফলে গাড়ির সামনের অংশ ছিন্ন বিচ্ছিন্ন হয়ে গেছে। তাছাড়া অল্পের জন্য গাড়িটি ধারসী নদীতে পড়েনি। বরাত জুড়ে বেঁচে গেছেন নদীতে পড়া থেকে।

# পুলিশ প্রহরায় উপপ্রধান নির্বাচিত মাঝেরডাবড়ীতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট :** নির্বিঘ্নে উপপ্রধান নির্বাচিত হলো মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনিক কর্তা এবং শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের উপস্থিতিতে উপপ্রধান নির্বাচন সম্পন্ন হয়েছে। উপপ্রধান নির্বাচিত হয়েছে মনিকা ওরাওঁ। এদিন উপ-প্রধান এর নাম ঘোষণা হওয়ার পরেই বিজেপি কর্মী এবং সমর্থকরা এলাকায় একটি মিছিল বের করেছেন। বিজেপি কর্মীদের উল্লাস ছিল চোখে পড়ার মতো। উল্লেখ্য এই প্রথম মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতে প্রধান এবং উপপ্রধান নির্বাচিত হয়েছে বিজেপির টিকিটের জেতা পঞ্চায়েত সদস্যগণ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |